দৈনিক বাংলা

তারিখ ... 26/7/82 ...
পৃষ্ঠা ... ... ...

161

138

# গ্রামের মহিলাদের উপর গবেষণা গ্রন্থ

(স্টাফ রিপোর্টার)

উইমেন ফর উইমেন: রিসার্চ এন্ড স্টাডি গ্রুপ প্রকাশিত বাংলাদেশের গ্রামীণ মহিলাদের ওপর সরেজমিন গবেষণা গ্রন্থ (ফিল্ড রিসার্চ) এক্সপ্লোরিং দি আদার হাফ-এর প্রকাশনা উৎসব শনিবার শাহবাগের কোটা মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মানব সম্পদ উন্নয়ন গবেষণার জাতীয় ফাউন্ডেশনের চেয়ারম্যান ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী প্রফেসর শামসুল হক। বক্তৃতা করেন মিসেস রওশন আরা রহমান, ডক্টর বোরহানে উদ্দিন খান জাহাঙ্গীর, মিসেস রওশন জাহান, টেরেস ব্লানচেট এবং গ্রন্থের সম্পাদিকা মিসেস শামীমা ইসলাম।

এক্সপ্লোরিং দি আদার হাফ গ্রন্থের প্রকাশনাকে অভিনন্দিত করে প্রফেসর শামসুল হক বলেন, এই ক্ষেত্রে আরো বেশী গবেষণা প্রয়োজন। শুধু ডেটা সংগ্রহের মধ্যেই এই উদ্যোগ সীমিত থাকা উচিত নয়। গবেষণালব্ধ ফল যাতে পরিকল্পনাবিদ এবং নীতি নির্ধারকদেরকে আরো কাজে লাগে, তার জন্যে উন্নয়ন কর্মকান্ডে গবেষক ও যাদের সম্পর্কে গবেষণা হয়েছে তাদের অংশগ্রহণের ওপর তিনি গুরুত্ব আরোপ করেন।

প্রফেসর শামসুল হক আরো বলেন, গত চার দশকে উন্নয়নের পরিকল্পিত উদ্যোগ থাকলেও দারিদ্র ও বেকারত্ব দূরীকরণের গতি খুবই শ্লথ। গ্রামীণ মানব সম্পদকে উন্নয়ন পরিকল্পনায় সম্পৃক্ত করতে না পারার ব্যর্থতাই এর প্রধান কারণ।

তিনি বলেন, মানবসম্পদের অর্ধেক হচ্ছে নারীসমাজ। পুরুষের তুলনায় অবহেলিত নারীসমাজ উন্নয়ন কার্যক্রমেও কম সুবিধা পাচ্ছে।

এক্সপ্লোরিং দি আদার হাফ গ্রন্থে ফিল্ড রিসার্চের পেপার রয়েছে ১৪টি। মোট ১৫ জন গবেষকের মধ্যে রয়েছেন একজন পুরুষ ও আটজন বিদেশী মহিলা।

কৃষি উন্নয়ন পরিষদের অর্থানুকূল্যে প্রকাশিত ২২৬ পৃষ্ঠার ইংরেজী ভাষার এই গ্রন্থের মূল্য ৬০ টাকা। বিদেশে ১৫ ডলার।